

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০২.২৫.২৩৭

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অতিবাস জরিমানা আদায়পূর্বক 'Exit Visa' প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.২০১.৮৯.০০৩.২৫/১০৬, তারিখ: ১৪.০১.২০২৬
(২) তানিয়নি পুকাস্ত এর আবেদন, তারিখ: ১২.১১.২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়াছবি এ সাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পত্রে বর্ণিত ভারতীয় নাগরিক তানিয়নি পুকাস্ত (PP NO-X3975235) গত ১৮/০৭/২০২৫ খ্রি. তারিখে 'T' শ্রেণির ভিসা নিয়ে বাংলাদেশে আগমন করেন এবং তার ভিসার মেয়াদ ০১/০৯/২০২৫ খ্রি. তারিখে শেষ হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দাখিলকৃত তার স্বব্যখ্যায়িত আবেদন হতে জানা যায়, দুর্ঘটনা এবং অসুস্থতার কারণে ভিসার মেয়াদ অতিক্রান্ত হওয়ার পরও মেয়াদ বৃদ্ধি কিংবা দেশ ত্যাগ না করে অবৈধ অবস্থান করেন। বর্তমানে অতিবাস জরিমানা মওকুফের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১২/১১/২০২৫ খ্রিঃ তারিখে আবেদন করেন।

০২। উল্লেখ্য, সর্বশেষ জারিকৃত অবৈধ অবস্থান সংক্রান্ত পরিপত্রের '৩' এর 'ক' অনুযায়ী 'শারীরিক অসুস্থতা: শারীরিক অসুস্থতার কারণে অবস্থান অবৈধ হলে সংশ্লিষ্ট সিভিল সার্জন অথবা অধ্যাপক/সহযোগী অধ্যাপক কর্তৃক প্রদত্ত চিকিৎসা সনদের ভিত্তিতে উক্ত জরিমানা মওকুফের জন্য পেশকৃত আবেদন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর যথাযথভাবে পরীক্ষা করে উপযুক্ত সুপারিশসহ তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে অসুস্থতার জন্য অবৈধ অবস্থান ৫ (পাঁচ) দিনের অতিরিক্ত হলে হাসপাতালে ভর্তি আছে/হয়েছিল মর্মে হাসপাতাল কর্তৃপক্ষের সার্টিফিকেট জমা প্রদান করতে হবে' মর্মে উল্লেখ আছে। উল্লেখ্য, ভারতীয় নাগরিক তানিয়নি পুকাস্ত (PP NO-X3975235) শর্ত অনুযায়ী ০৫ দিনের বেশি অবৈধ অবস্থানের স্বপক্ষে হাসপাতালে ভর্তি হয়েছিলেন মর্মে হাসপাতাল কর্তৃপক্ষের সার্টিফিকেট দাখিল করেননি।

০৩। এমতাবস্থায়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিবেদন, প্রার্থীর আবেদন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক নং-৫৮,০০,০০০০.০৪১,১৯.০০১.১৮.৩৩৪, তারিখ: ০৪/১২/২০২৪ খ্রি. অনুযায়ী ভারতীয় নাগরিক তানিয়নি পুকাস্ত (PP NO-X3975235) অসুস্থতার স্বপক্ষে যে চিকিৎসা সনদ এবং অন্যান্য প্রমাণাদি দাখিল করেছেন তা যথোপযুক্ত প্রতীয়মান না হওয়ায় তার অনুকূলে অতিবাস জরিমানা আদায়পূর্বক 'Exit' ভিসা প্রদানের বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৫-০৪-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০২.২৫.২৩৭/১ (২)

২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
- ২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৫-০৪-২০২৬
কাজী আরিফুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)